

স্মারক নং- ৪৩.২৯.০০০০.০০১.০৪.০০৫.১৭ - ৬১

তারিখ : ২৯ ফাল্গুন ১৪২৪
১৩ মার্চ ২০১৮

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ কপিরাইট ভবন নির্মাণ প্রকল্প চলাকালীন সময়ের জন্য অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত পদে লোক নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের (পুরুষ/মহিলা) নিকট থেকে নির্ধারিত ফরমে (www.copyrightoffice.gov.bd এর নোটিশ বোর্ডে পাওয়া যাবে) দরখাস্ত আহবান করা যাচ্ছে :

ক্রমিক নং	পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী)	পদের সংখ্যা ও বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	হিসাব রক্ষক গ্রেড-১১ স্কেল-১২৫০০-৩০২৩০/-	০১(এক) টি অনুধ ৩০ বছর	একাউন্টিং, ফিন্যান্স ও ব্যবস্থাপনা প্রশাসন বিষয়ে দ্ব্যতোকোত্তর/দ্ব্যতক ডিগ্রীধারী এবং কোন উন্নয়ন প্রকল্পে হিসাব রক্ষক পদে ০৫ (পাঁচ) বছরের কাজের বাস্তব অভিজ্ঞতা।

শর্তাবলী

- প্রার্থীকে আবেদনপত্র “প্রকল্প পরিচালক” বাংলাদেশ কপিরাইট ভবন নির্মাণ প্রকল্প, কপিরাইট অফিস, জাতীয় গ্রন্থাগার ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর আগামী ২৭/০৩/২০১৮ইং তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে সরাসরি/ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদন পত্র পৌছাতে হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদন পত্র গ্রহণযোগ্য হবে না। আবেদন পত্রের সাথে নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের জন্য ২০০/- (দুইশত) টাকার অফেরত যোগ্য যে কোন তফসিলি ব্যাংকের পে-অর্ডার/ব্যাংকড্রাফট সংযুক্ত করতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর নম্বর ও তারিখ এবং ইস্যুকৃত ব্যাংক ও শাখার নাম আবেদন ফরমের নির্ধারিত স্থানে উল্লেখ করতে হবে।
- প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাইয়ের পর শুধুমাত্র গ্রহণযোগ্য প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে।
- আবেদন পত্রের সাথে প্রার্থীর সদ্য তোলা ০৪(চার) কপি ৫x ৫ সে.মি. সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, অভিজ্ঞতা সনদ, জাতীয় পরিচয়পত্র, জন্ম নিবন্ধন সনদ, নাগরিকত্ব সনদ প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ফটোকপি প্রদান করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময়ে মূলকপি দেখাতে হবে।
- খামের উপর প্রার্থীর নিজের নাম, ঠিকানা সহ আবেদনকৃত পদের নাম এবং নিজ জেলার নাম স্পষ্টাক্ষরে লিখতে হবে। প্রার্থীর যোগাযোগের ঠিকানা সম্বলিত ৯.৫" x ৪.৫" সাইজের ১টি ফেরতখাম ১০ টাকা মূল্যমানের অব্যবহৃত ডাকটিকিটসহ আবেদন পত্রের সাথে আবশ্যিকভাবে সংযুক্ত করতে হবে।
- কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে আবেদনপত্র পৌছাতে হবে।
- প্রার্থীদের বয়স ০১/১২/২০১৭ তারিখে বয়স ৩০ বছরের মধ্যে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান, এতিমখানা নিবাসি ও প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য সর্বোচ্চ বয়সসীমা ৩২ (বত্রিশ) বৎসর।
- প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পোষ্য হলে আবেদনকারীকে উপযুক্ত সনদ দাখিল করতে হবে, যা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক যাচাই করা হবে।
- ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন পত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- কর্তৃপক্ষ যে কোন আবেদন গ্রহণ অথবা বাতিল এবং এ নিয়োগ কার্যক্রম/বিজ্ঞপ্তি সম্পূর্ণ অথবা আংশিক সংশোধন, গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন এবং এ নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- নির্বাচনী পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য প্রার্থীদের বর্তমান ঠিকানায় ডাকযোগে যথাসময়ে প্রবেশপত্র প্রেরণ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে এবং পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- নিয়োগকৃতদের প্রকল্প পরিচালক, কপিরাইট ভবন নির্মাণ প্রকল্প, কপিরাইট অফিস, জাতীয় গ্রন্থাগার ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ এ যোগদান করতে হবে।
- আগ্রহী প্রার্থীকে সরকার নির্ধারিত চাকুরীর আবেদন ফরম স্বহস্তে পূরণ/কম্পিউটারে মুদ্রণ পূর্বক আবেদন দাখিল করতে হবে।



সাইঈদ আল আমিন মুহাম্মদ আব্দুল হাফিজ
প্রকল্প পরিচালক (উপসচিব)
বাংলাদেশ কপিরাইট ভবন নির্মাণ প্রকল্প

আহবায়ক/সভাপতি
বিভাগীয় বাছাই/নির্বাচন কমিটি।